**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 7 February 2026** **TIME: 7:35 AM**

---

মেঘালয়ের পূর্ব জয়ন্তীয়া হিলস জেলার থাংস্কো অঞ্চলের কয়লা খনি বিস্ফোরণের ঘটনায় ফরমে চিরমাং এবং সামেহি ওয়ার নামে দুজন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে ।তাদের বিরুদ্ধে খনি এবং খনিজ উন্নয়ন ও নিয়ন্ত্রণ আইন ধারা ২১ এবং বিস্ফোরক সামগ্রী আইন ধারা -৩ এর অধীনে মামলা দায়ের করা হয়েছে । তাদেরকে গতকাল আদালতে প্রেরণ করার পর আদালত তাদেরকে তিনদিনের পুলিশী হেফাজতে প্রেরণ করেছে ।
এদিকে এই ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ২৫ হয়েছে । এপর্যন্ত ১৭ টি মৃতদেহ সনাক্ত করা হয়েছে বলে মেঘালয় সরকারের এক বিবৃতিতে জানানো হয়েছে ।গতকাল আরও তিনজন আহত শ্রমিককে উদ্ধার করা হয়েছে এবং তাদের মধ্যে একজনকে নিগ্রীমসে এবং দুজন কে ক্লেরিওট সিভিল হাসপাতালে প্রেরণ করা হয়েছে । এই ঘটনা সম্পর্কে নিগ্রিমস হাসপাতালের সুপারিন্টেডেন্ট জানান ----- **বাইট**

---

প্রধামন্ত্রী নেশন্যাল রিলিফ ফান্ড থেকে মেঘালয়ের খনি বিস্ফোরণের ঘটনায় নিহত লোকেদের পরিবারকে ২ লক্ষ টাকা করে এককালীন সাহায্য এবং আহতদের কে ৫০ হাজার টাকা করে সাহায্য প্রদান করার কথা ঘোষণা করা হয়েছে ।

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা মেঘালয়ের কয়লা খনি বিস্ফোরণে নিহত আসামের শ্রমিকদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে এককালীন সাহায্য প্রদান করার কথা ঘোষণা

করেছেন ।এই ঘটনায় আসামের কোন ব্যক্তি জড়িত কিনা সেই বিষয়টি খতিয়ে দেখতে রাজ্য প্রশাসন মেঘালয় সরকারের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছে বলে তিনি জানান ।

---

এদিকে , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই ঘটনায় গভীর শোক প্রকাশ করে মেঘায়লয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমার সঙ্গে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন । শ্রী শাহ বলেছেন যে ইতিমধ্যেই জাতীয় নিরাপত্তা বাহিনীর একটি দলকে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে উদ্ধার কার্যে নিযুক্ত করা হয়েছে এবং প্রয়োজন সাপেক্ষে আরো বাহিনী প্রেরণ করা হবে । আলোচনার সময় শ্রী শাহ মেঘালয়ের মুখ্যমন্ত্রীকে আশ্বাস প্রদান করে বলেছেন যে সম্পর্কে যেকোন ধরণের সহায়তায় কেন্দ্রীয় সরকার প্রস্তুত রয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল পরীক্ষা-পে-চর্চা অনুষ্ঠানের নবম পর্বে দেশের বিভিন্ন প্রান্তের ছাত্র-ছাত্রীর সঙ্গে পরীক্ষার সময় কিভাবে মানসিক চাপ থেকে মুক্ত থাকা যায় এই বিষয়টি নিয়ে মত বিনিময় করেন । প্রধানমন্ত্রী ছাত্র-ছাত্রীদের তাদের শিক্ষন পদ্ধতির ওপর বিশ্বাস রাখার পরামর্শ প্রদান করে বলেন যে যেকোন দুজন ব্যাক্তির চিন্তা-ধারা এক হতে পারে না । তিনি বলেন যে প্রত্যেক ছাত্র-ছাত্রীর পড়াশুনার একটি নিদৃষ্ট ধারা থাকে ফলে তাদের নিজেদের প্রস্তুতির ওপর বিশ্বাস রাখা খুব বেশী প্রয়োজন । ছাত্র-ছাত্রীদের তাদের শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের পরামর্শ অনুধাবন করতে হবে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । একই সঙ্গে তিনি অন্ধের মত অন্যকে অনুকরণ করার পরিবর্তে নিজেদের অভিজ্ঞতা এবং জ্ঞানের যেকোন পরামর্শ গ্রহণ করা উচিৎ বলেও তিনি উল্লেখ করেন । শ্রী মোদী প্রত্যেক শিক্ষক-শিক্ষিকাদের ছাত্র-ছাত্রীদের শিক্ষন ক্ষমতা সংস্পর্কে সংবেদনশীল হতেও পরামর্শ দেন ।

---

আগামী ৯ ফেব্রুয়ারী চা শ্রমিকের জমির পাট্টার জন্য কেন্দ্রীয়ভাবে প্রপত্র বিতরণ করা হবে । সেইদিনই মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা দিনজয় চা বাগান থেকে কেন্দ্রীয়ভাবে প্রপত্র বিতরণের কাজের শুভারম্ভ করবেন এবং রাজ্যের ৮৩৬ টি বাগানের প্রপত্র বিতরণের কাজ আরম্ভ হবে । পাট্টা লাভ করা জমি ২০ বছর পর্যন্ত বিক্রয় করা যাবে না এবং ২০ বছর পর বিক্রয়

করতে হলে  একই বাগানের শ্রমিকের কাছে বিক্রয় করতে হবে । রাজস্ব ও দুর্যোগ ব্যাবস্থাপনা বিভাগের মন্ত্রী কেশব মহন্ত  কলিয়াবরে বেশকয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করে একথা জানান । সরকারী বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন করার জন্য সরকারের প্রয়াসের অংশ হিসেবে তিনি কলিয়াবর বিধানসভা কেন্দ্রের জখলাবান্ধা বিদ্যালয়ের নবনির্মিত গ্রন্থাগারের উদ্বোধন করেন।

---

হাইলাকান্দি জেলার বিদ্যালয় সমূহের পরিদর্শক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার দক্ষিন হাইলাকান্দির ঘাড়মূড়া রেঞ্জের দামছড়ার সব শিক্ষা প্রতিষ্ঠানে আজ থেকে যথারীতি পাঠদান শুরু হবে । দামছড়ায় বন বিভাগের উচ্ছেদ অভিযানের পরিপ্রেক্ষিতে ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার স্বার্থে সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান গত তেসোরা ফেব্রুয়ারী থেকে বন্ধ রাখা হয়েছিলো । আজ থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে পাঠদান স্বাভাবিক হবে বলে জানানো হয়েছে ।

---

আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের প্রস্তুতি মূলক ব্যবস্থা মূল্যায়নের জন্য শুক্রবার হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে হাইলাকান্দিতে এক সভা অনুষ্ঠিত হয়। জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারিক অভিষেক জৈন- এর পৌরোহিত্যে সভায় ভোট কেন্দ্রের প্রস্তুতি, লজিস্টিক ব্যবস্থা, নিরাপত্তা জনিত আন্তঃ বিভাগীয় সমন্বয় ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়। সভায় আসন্ন নির্বাচন সুষ্ঠু, অবাধ ,নিরপেক্ষ এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সিনিয়র পুলিশ সুপার অমিতাভ সিনহা সহ জেলার সব অতিরিক্ত আয়ুক্ত অংশ নেন।

---